গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

# ভাণ্ডারিয়া সরকারি কলেজ

ভাণ্ডারিয়া, পিরোজপুর।

তারিখঃ ২৮/০৮/২০২৫ খ্রি.

## ফরম পূরণের বিজ্ঞপ্তি

২০২৪ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক নিয়মিত শিক্ষাবর্ষ (২০২২-২০২৩) অনিয়মিত, গ্রেড উন্নয়ন ও F গ্রেড প্রাপ্ত শিক্ষাবর্ষ ২০১৯-২০২০, ২০২০-২০২১ এবং ২০২১-২০২২ পরীক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের ফরম পূরনের তারিখ ও ফিসের পরিমাণ (কলেজের পাওনাদি সহ) নিম্নরূপ ধার্য করা হ'ল। নিম্নে ধার্যকৃত টাকা অফিস থেকে রশিদ সংগ্রহ করে পূবালী ব্যাংক,ভাণ্ডারিয়া শাখায় পরিশোধ করে নির্ধারিত তারিখের মধ্যে ফরম পূরণের যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।

### তারিখঃ ১৫/০৯/২০২৫ থেকে ১৭/০৯/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত

### (ক)বিশ্ববিদ্যালয় নির্ধারিত

| ক্র: নং | ফিসের বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ০১. | পরীক্ষার ফিস (৭ পত্র × ৩৫০) ইনকোর্স ফিসহ | ২,৪৫০+১৫০ = ২,৬০০/- |
| ০২ | ইনকোর্স পরীক্ষার ফি **(৩য় বর্ষের)** | ৪৫০/- |
| ০৪. | নির্বাচনী পরীক্ষার ফি **(৩য় বর্ষের)** | ৪৮০/- |
| ০৫. | কেন্দ্র ফিস | ৬০০/- |
| ০৬. | ব্যবস্থাপনা ফিস | ৫০/- |
| | মোট = | ৪,১৮০/- |

### (খ) কলেজের পাওনাদি (যে সকল শিক্ষার্থী ২য় বর্ষে ভর্তি হয়নি)

| | | |
|---|---|---|
| ০১. | বেতন (জুলাই-২৩ থেকে জুন-২৪) | ৩০০/- |
| ০২. | জরিমানা | ২৫/- |
| ০৩. | সেশন চার্জ | ১৭০০/- |
| | মোট = | ২,০২৫/- |
| | ক+খ+গ+ঘ সর্বমোট = | ৬,৪০৫/- |

কথায়: ছয় হাজার চারশত পাঁচ টাকা মাত্র।

- যে সকল শিক্ষার্থী ২য় বর্ষের ভর্তির টাকা পরিশোধ করেছে তাদেরকে ইনকোর্স ও নির্বাচনী পরীক্ষার ফি বাবদ ২৫০+৮০=৩৩০/- টাকা ফরমপূরনের সাথে যোগ হবে।

চলমান পাতা

গ্রেড উন্নয়ন পরিক্ষার্থীদের ফিসের পরিমাণ নিম্নরূপ:

| ক্রঃনং | ফিসের বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ০১. | পরীক্ষার ফিস | (প্রতি পত্র × ৩৫০) |
| ০২ | বিশেষ অন্তর্ভূক্তি ফি | ৬০০/- |
| ০৪. | কেন্দ্র ফিস | ৬০০/- |
| ০৫. | ব্যবস্থাপনা ফিস | ৫০/- |
| ০৬. | C Promoted শিক্ষার্থীর বিশেষ অন্তর্ভুক্তি ফি ( প্রযোজ্য ক্ষেত্রে) | ১,৫০০/- |
| ০৭ | ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের এক বা একাধিক কোর্সে গ্রেড প্রাপ্ত শিক্ষার্থীদের সর্বমোট ফি | ৬,০০০/- |
| | মোট = | |

(গ) অনলাইন কার্যক্রম ফি ১০০/-

(ঘ) কাগজপত্র প্রসেসিং ফি ১০০/-

বি: দ্র: অনলাইন ফরম পূরণের জটিলতার কারণে উক্ত তারিখের পরে ফরম পূরণ করা সম্ভব হবে না।

## * ফরম পূরনের সময় যে সকল কাগজপত্রাদি জমা দিতে হবে :

১। সম্মান শ্রেণির রেজিষ্ট্রেশন কার্ডের ফটোকপি ১টি পিছনে মোবাইল নম্বরসহ।

২। মানোন্নয়ন পরিক্ষার্থীদের অবশ্যই কম্পিউটার থেকে নম্বর ফর্দের কপি জমা দিতে হবে।

28/08/2025

অধ্যক্ষ

ভাণ্ডারিয়া সরকারি কলেজ

ভাণ্ডারিয়া, পিরোজপুর।

প্রফেসর মোঃ আমানউল্লাহ খান
আইডি নং ৭৩০৩
অধ্যক্ষ
ভাণ্ডারিয়া সরকারি কলেজ
ভাণ্ডারিয়া, পিরোজপুর।

28/08/25

আহ্বায়ক

অনার্স ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ কমিটি- ২০২৪

ভাণ্ডারিয়া সরকারি কলেজ, পিরোজপুর।

# জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

Website: nu.ac.bd or nubd.info/honours

স্মারক নং-জাতীঃ বিঃ/পনি/অনার্স ২য় বর্ষ/৪৬/২০২৪/১০৩০০

তারিখ ঃ ০৬ ভাদ্র, ১৪৩২ বঙ্গাব্দ
২১ আগস্ট, ২০২৫ খ্রিস্টাব্দ

## ২০২৪ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার ফরমপূরণের বিজ্ঞপ্তি ঃ

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের নিয়মিত, ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের অনিয়মিত ও গ্রেড উন্নয়ন এবং ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের শুধুমাত্র Promoted শিক্ষার্থীগণ F গ্রেড প্রাপ্ত কোর্সে ২০২৪ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে. অনার্স ২য় বর্ষ শিক্ষার্থীদের পরীক্ষার ফরমপূরণ সংক্রান্ত আবেদন ও সংশ্লিষ্ট কোর্সের ইনকোর্স নম্বর প্রদানসহ (নিয়মিত এবং অনিয়মিত পরীক্ষার্থীদের যাদের ইনকোর্স নম্বর পূর্বে প্রেরণ করা হয়নি) যাবতীয় কার্যক্রম On-Line এ ২৭/০৮/২০২৫ তারিখ থেকে শুরু হবে। নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী আবেদন ও বিবরণী ফরমপূরণ সাপেক্ষে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ পরীক্ষার্থীদের আবেদন ফরম নিশ্চয়ন করবেন। ফরমপূরণ সংক্রান্ত নিয়ম ও শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো। পরীক্ষার বিস্তারিত সময়সূচি পরবর্তীতে সংশ্লিষ্ট সকলকে জানানো হবে।

**ফরমপূরণের সময়সূচীঃ**

| ক্রমিক | বিবরণ | সময়সীমা |
|---|---|---|
| ০১. | আবেদন ফরমপূরণের শুরু ও শেষ তারিখ | ২৭/০৮/২০২৫ (বুধবার) থেকে ১৮/০৯/২০২৫ (বৃহস্পতিবার) |
| ০২. | ডাটা এন্ট্রি নিশ্চয়নের শেষ তারিখ | ২২/০৯/২০২৫ (সোমবার) রাত ১১:৫৯ মিঃ পর্যন্ত |
| ০৩. | সোনালী সেবার মাধ্যমে টাকা জমার শেষ তারিখ | ২৪/০৯/২০২৫ (বুধবার) থেকে ২৫/০৯/২০২৫ (বৃহস্পতিবার) বিকাল ৪:০০টা পর্যন্ত |
| ০৪. | বিবরণী ফরম ও অন্যান্য কাগজপত্র জমাদান/সংরক্ষণ সম্পর্কিত | বিবরণী ফরম ও অন্যান্য কাগজপত্র ২০২৪ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার ফলাফল প্রকাশের তারিখ হতে ০৪ মাস পর্যন্ত সংশ্লিষ্ট কলেজে সংরক্ষণ করবেন (আঞ্চলিক কেন্দ্রে জমা দেয়ার প্রয়োজন নাই)। |

**ফরমপূরণের ফি এর বিবরণঃ**

| ক্রমিক নং | পরীক্ষার্থীদের ফি এর বিবরণ | টাকা |
|---|---|---|
| ০১. | **তত্ত্বীয় (প্রতি পূর্ণ পত্র) বিশ্ববিদ্যালয়ে জমা হবে** | ৩৫০/- |
| ০২. | তত্ত্বীয় (প্রতি অর্ধ পত্র) বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ২০০/ |
| ০৩. | ব্যবহারিক (প্রতি পত্র/কোর্স) বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ৩৫০/- |
| ০৪. | **ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী): i) বিশ্ববিদ্যালয়ের ফান্ডে জমা হবে ১৫০/- টাকা ii) কলেজ ফান্ডে জমা হবে ৪৫০/- টাকা** | ৬০০/- |
| ০৫. | **কেন্দ্র ফি তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী) কলেজে জমা হবে- i) কলেজের অংশ ২০০/- টাকা ii) কেন্দ্রের অংশ ৪০০/- টাকা** | ৩০০/- |
| ০৬. | কেন্দ্র ফি ব্যবহারিক (প্রতি কোর্স প্রতি পরীক্ষার্থী) কলেজে জমা হবে | ২৫০/ |
| ০৭. | **বিশেষ অন্তর্ভুক্তি ফি (অনিয়মিত/ মানোন্নয়ন/ গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য পত্র প্রতি ফি এর অতিরিক্ত) প্রতি পরীক্ষার্থী-** বিশ্ববিদ্যালয়ে জমা হবে। | ৬০০/- |
| ০৮. | **২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে (F) গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীদের সর্বমোট ফি** | ৬০০০/- |
| ০৯. | **C Promoted শিক্ষার্থীর বিশেষ অন্তর্ভুক্তি ফি (অন্যান্য ফি এর অতিরিক্ত প্রতি পরীক্ষার্থী)** | ১৫০০/- |

**০১. আবেদন ফরম সংগ্রহ ঃ**

অনার্স ২য় বর্ষ পরীক্ষার আবেদন ফরম পরীক্ষার্থী নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয়ের উল্লিখিত ওয়েব সাইট (ems.nu.ac.bd/www.nubd.info/honours) থেকে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে সঠিকভাবে পূরণ করে Download-এর মাধ্যমে প্রিন্ট কপি নির্ধারিত ফিসহ স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে।

**০২. পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী ঃ**

### নিয়মিত পরীক্ষার্থীদের জন্য

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত অনার্স কোর্সের সকল ছাত্র-ছাত্রী ২০২৩ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়ে ২০২৪ সালের অনার্স ২য় বর্ষের কোর্স সম্পন্ন করেছে তারা নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অনার্স কোর্সের সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

### অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য

২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশ গ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি ঐ সকল শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৪ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। Not Promoted শিক্ষার্থীকে পূর্ববর্তী বছরের পাসকৃত কোর্সের পরীক্ষা দিতে হবে না। তবে যারা ২০২৩ সালের অনার্স ২য় বর্ষে প্রথম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে "C" বা "D" গ্রেড পেয়েছে শুধুমাত্র তারাই ২০২৪ সালের পরীক্ষায় উচ্চতর গ্রেডে উন্নীত করার জন্য পরীক্ষা দেয়ার সুযোগ পাবে সর্বোচ্চ ২ টি কোর্সে এবং "F" গ্রেড প্রাপ্ত সকল কোর্সে পরীক্ষা দিতে হবে।

### গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য

২০২৩ সালের অনার্স ২য় বর্ষে যে সকল শিক্ষার্থী নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে প্রথম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে, ঐ সকল শিক্ষার্থীরা শুধুমাত্র C এবং D গ্রেড প্রাপ্ত কোর্স/কোর্সসমূহে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে সর্বোচ্চ ২ টি কোর্সে।